আল্লাহ তা‘আলা তাদের ঘর ও কবরসমূহ আগুন দিয়ে ভরে দিক। যেমনিভাবে তারা আমাদেরকে মধ্যবর্তী সালাত থেকে বিরত রাখছে, এমনকি সূর্য ডুবে গেল।

আলী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত: “আল্লাহ তা‘আলা তাদের ঘর ও কবরসমূহ আগুন দিয়ে ভরে দিক। যেমনিভাবে তারা আমাদেরকে মধ্যবর্তী সালাত থেকে বিরত রাখছে, এমনকি সূর্য ডুবে গেল”। মুসলিমের বর্ণনায় বর্ণিত: “আমাদেরকে মধ্যবর্তী সালাত-আসরের সালাত- থেকে বিরত রাখছে”। অতঃপর মাগরিব ও এশার মাঝে তা আদায় করেন।” সহীহ মুসলিমের অপর একটি বর্ণনা ‘আবদুল্লাহ ইবন মাসউদ থেকে বর্ণিত। তিনি বলেন, মুশরিকরা
নাবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামকে আসরের সলাত থেকে বিরত রাখলো, এমনকি সূর্য
লাল বা হলুদ হয়ে গেল। তখন তিনি বললেন, যারা আমাদেরকে মধ্যবর্তী সালাত-আসরের সালাত-
থেকে বিরত রাখলো, আল্লাহ তাদের পেট ও কবরসমূহ আগুন দিয়ে ভরে দিন”।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

মুশরিকরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তার সাহাবীদের মদীনার সুরক্ষা ও আত্মরক্ষা স্বার্থে আসরের সালাত থেকে বিরত রাখল এমনকি সূর্য্য ডুবে গেল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তার সাহাবীগন সূর্য্য ডোবার পরই সালাত আদায় করেন। তাই তারা তাকে এবং তার সাহাবীদেরকে যে কষ্ট দিয়েছে সে জন্য তিনি তাদের ওপর বদ-দো‘আ করেন যাতে তাদের পেট, ঘর ও কবরগুলোকে আগুন দ্বারা ভরে দেয়। আর তারা আমাদেরকে আসরের সালাত যেটি সর্ব উত্তম সালাত তা থেকে বিরত রাখে।

https://sunnah.global/hadeeth/bn/show/3538